

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৬৬

আগরতলা, ০৮ অক্টোবর, ২০১৯

বিজয়া দশমী : রাজ্যবাসীকে মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যবাসীকে শুভ বিজয়ার প্রীতি ও শুভেচ্ছা জানিয়েছেন এবং রাজ্যের জনগণের সুখ-সমৃদ্ধি কামনা করেন। মুখ্যমন্ত্রী শ্রীদেব সঙ্গীক আজ দুপুরে মুখ্যমন্ত্রীর বাসভবনে সকল অংশের জনগণের সঙ্গে বিজয়ার প্রীতি ও শুভেচ্ছা বিনিময় করেন। রাজ্যের বিভিন্ন অংশের মানুষ এই শুভেচ্ছা বিনিময় পর্বে উপস্থিত থেকে মুখ্যমন্ত্রীর সাথে সরাসরি কথা বলেন। উপস্থিত সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের সাথে কথা বলার সময় মুখ্যমন্ত্রী বলেন, আমাদের যে সংস্কৃতি ও ঐতিহ্য রয়েছে তাকে আঁকড়ে ধরেই আমরা এগিয়ে যেতে চাই। অনেক সময় মুখ্যমন্ত্রী হওয়ার কারণে নানা প্রোটোকল ও বিধিনিষেধের কারণে সরাসরি জনগণের সাথে এভাবে মিলিত হওয়া যায় না। তবুও মনে হয় আমাদের কৃষ্টি সংস্কৃতির মধ্যে এইসব বাধ্যবাধকতাকে দূর করে জনগণের কাছে পৌঁছে যাওয়াটাই হচ্ছে মূল কথা। আজকের এই দিনে জনগণের আশীর্বাদই হচ্ছে সবচেয়ে বড় প্রাপ্তি।

আজকের এই বিজয়া দশমীর প্রীতি সম্মেলনে মুখ্যমন্ত্রী জায়া নিতি দেবও সকলের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং উপস্থিত সকলকে মিষ্টি মুখে আপ্যায়ন করেন। বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধি এবং সরকারি আধিকারিক থেকে শুরু করে ছাত্র-যুবা, মহিলা সহ বিভিন্ন পেশা ও ধর্মের মানুষ স্বতঃস্ফূর্তভাবে মুখ্যমন্ত্রীর বাসভবনে মিলিত হন ও নানা বিষয়ে মত বিনিময় করেন। মুখ্যমন্ত্রীও তাদের সকলের কথা ও পরামর্শ ধৈর্য সহকারে শুনেন। বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক ডা. দিলীপ দাস, রাজ্য পুলিশের ডি জি এ কে শুল্লা, বর্ষীয়ান সম্পাদক সুবল কুমার দে, টি আর টি সি-র চেয়ারম্যান দীপক মজুমদার প্রমুখ।
